

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স- ১৬৮২

তেলিয়ামুড়া, ৩১ অক্টোবর, ২০২৪

তেলিয়ামুড়ায় বিজয়া সন্মেলন ও শারদ সন্মান

তেলিয়ামুড়ার চিত্রাঙ্গদা কলাকেন্দ্রে গতকাল বিজয়া সন্মেলন এবং শারদ সন্মান ও মায়ের গমন কার্নিভালের পুরস্কার বিতরণী অনুষ্ঠানের আয়োজন করা হয়। বিধানসভার সরকারি মুখ্য সচেতক বিধায়ক কল্যাণী সাহা রায় এই অনুষ্ঠানের উদ্বোধন করেন। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন তেলিয়ামুড়া পঞ্চায়েত সমিতির ভাইস চেয়ারম্যান নির্মল সূত্রধর, তেলিয়ামুড়া পুরপরিষদের ভাইস চেয়ারপার্সন মধুসূদন রায়, তেলিয়ামুড়া মহকুমার মহকুমা শাসক পরিমল মজুমদার, মহকুমা পুলিশ আধিকারিক পান্নালাল সেন এবং তথ্য ও সংস্কৃতি দপ্তরের বরিষ্ঠ তথ্য আধিকারিক মিঠন দত্ত প্রমুখ। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন তেলিয়ামুড়া পুরপরিষদের চেয়ারপার্সন রূপক সরকার। অনুষ্ঠানের উদ্বোধন করে সরকারি মুখ্য সচেতক বিধায়ক কল্যাণী সাহা রায় তেলিয়ামুড়া মহকুমায় শারদীয় দুর্গাপূজা সুষ্ঠু ও শান্তিপূর্ণভাবে সম্পন্ন হওয়ায় ক্লাব, জনগণ এবং প্রশাসনের সমস্ত স্তরের আধিকারিক ও কর্মীদের ধন্যবাদ জ্ঞাপন করেন। তিনি বলেন, এই শান্তিপূর্ণ পরিবেশ সুষ্ঠু সংস্কৃতির বাতাবরণে সহায়ক ভূমিকা নেবে। অনুষ্ঠানে তেলিয়ামুড়া থানার অন্তর্গত শহর এলাকার ১০টি এবং গ্রামীণ এলাকার ১০টি ক্লাবকে শারদ সন্মানে ভূষিত করা হয়। তাছাড়াও মায়ের গমন কার্নিভালে অংশগ্রহণকারী ১০টি ক্লাব ও পূজা কমিটিগুলির মধ্যে প্রথম, দ্বিতীয়, তৃতীয় স্থানাধিকারিকে এবং অংশগ্রহণকারীদের বিশেষ পুরস্কার দেওয়া হয়। মায়ের গমন কার্নিভালে প্রথম হয়েছে প্রোগ্রেসিভ ইয়ুথ ক্লাব, দ্বিতীয় হয়েছে একতা সংঘ এবং তৃতীয় হয়েছে পল্লিমঙ্গল সংঘ।

\*\*\*\*\*